গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd ; যুউঅ.বাংলা

## যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের ৩৯তম সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃবিঃওঋণ) এবংইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ২৮ জানুয়ারি ২০১৯ ; বেলা ০৩.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। টিমের সদস্য-সচিব জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাপতির অনুরোধক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। সভাকে অবহিত করা হয় যে, ডিসেম্বর ২০১৮ মাসের কার্যবিবরণী ইনোভেশন কর্ণারে আপলোড করা হয়েছে এবং সিদ্ধান্ত সমূহ অবহিতকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় সহ সকল সদস্য-কে ই-মেইলে প্রেরণ করতঃ তা এসএমএস মারফত অবহিত করা হয়েছে। সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন মুল্যায়ন কাঠামোর (২০১৮-২০১৯) ভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা ও সুপারিশ গৃহীত হয় যা নিম্নরুপ-

| নং | উদ্দেশ্য | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন পূর্বক সংশ্লিষ্ট স্থানে পাঠানো হয়েছে। | - |
| ২ | ইনোভেশন টিমের সভা | ইনোভেশন টিমের সভা আহবানে নম্বর পদ্ধতি চালু থাকায় নিয়মিত সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | সদস্য-সচিব জানান যে, যথারীতি সভা অনুষ্ঠিত হচ্ছে এবং চলতি বছরে ০৬টি সভা অনুষ্ঠিত হয়েছে; |
| ৩ | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি | দেশের অভ্যন্তরে শিক্ষা সফর, ০১ ও ০২ দিনের কর্মশালা, ০২ ও ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন বিষয়ে আলোচনা হয়। এ প্রেক্ষিতে জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাকে জানান যে, দেশের অভ্যন্তরে ও বিদেশে শিক্ষা সফর, ০১ ও ০২ দিনের কর্মশালা এবং ০২ ও ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন বিষয়ক বাজেট বিভাজন সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রস্তুত করে ইনোভেশন সেলে জমা দিয়েছেন যা অর্থ শাখায় ইউনোট আকারে প্রেরন করা হয়েছে। এ প্রসংগে জনাব এ কে এম মফিজুল ইসলাম, উপপরিচালক (দাঃবিঃওঋণ) বলেন তাঁর দায়িত্বপ্রাপ্ত ০১ দিনের কর্মশালা ফেব্রুয়ারি/১৯ মাসের মধ্যে আয়োজন করবেন। এলক্ষ্যে ৩৬ জনের একটি খসড়া মনোনয়ন পত্র চূড়ান্ত করার জন্য ইনোভেশন সেলে জমা দিয়েছেন। | ১। ০১ দিনের কর্মশালার চূড়ান্ত মনোনয়ন পত্র প্রস্তুতপূর্বক ১০ ফেব্রুয়ারি/২০১৯ মাসের মধ্যে আয়োজন করা;<br>২। দেশের অভ্যন্তরে শিক্ষা সফরের জন্য চাহিত অর্থ সংশ্লিষ্ট উপজেলা সমূহে বরাদ্দ প্রদানের জন্য অর্থ শাখায় যোগাযোগ সাপেক্ষ্যে মনোনয়ন পত্র প্রস্তুত করা;<br>৩। ফেব্রুয়ারি-মার্চ/২০১৯ মাসের মধ্যে পর্যায়ক্রমে এক দিনের মেন্টরিং কর্মশালা এবং ০২ ও ০৫ দিনের প্রশিক্ষণ সম্পন্ন করা। |
| ৪ | স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রম | সদস্য-সচিব জানান যে, চলতি মাসে কোন উদ্ভাবনী ধারণা/উদ্যোগ পাওয়া যায় নাই। | ইতোপূর্বে প্রাপ্ত প্রস্তাব সমূহ গ্রহনযোগ্য না হলেও যারা প্রস্তাব পাঠিয়েছেন তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন ও উদ্ভাবনী ধারণা সঠিকভাবে প্রেরণের লক্ষ্যে পুনরায় অধিক সমৃদ্ধ গাইড লাইন দিয়ে আরও ১টি পত্র দেয়া। |
| ৫ | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং | আলোচনায় হয় যে ৪টি উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং এ থাকলে ও মেন্টর-মেন্টিগণের সক্রিয়তা আরো বাড়ানোর অবকাশ রয়েছে। | পাইলটিং বাস্তবায়নে নির্বাচিত মেন্টরগণ সক্রিয় হবেন এবং মেন্টিগণের সাথে নিবিড় যোগাযোগ সাপেক্ষ্যে ফেব্রুয়ারি/২০১৯ মাসের মধ্যে অবশ্যই যে সকল মেন্টিগণ পাইলটিং সমাপ্ত করেছেন তাদের সমাপনি প্রতিবেদন মেন্টিগণ পর্যালোচনা করে সভায় জরুরীভিত্তিতে পেশ করবেন। |
| ৬ | ইনোভেশন শোকেসিং | চলমান ৪টি উদ্যোগ এবং ই-লার্নিং কন্টেন্ট দিয়ে ১টি শো-কেসিং কর্মশালা আয়োজনের গুরুত্ব নিয়ে ব্যাপক আলোচনা হয়। | মার্চ/২০১৯ এর মধ্যে শোকেসিং করার জন্য মেন্টর ও উপপরিচালক (প্রশিক্ষণ-১) কে প্রস্তুতি নিতে পুনরায় অনুরাধ জানানো হয়। |

| | | | |
|---|---|---|---|
| ৭ | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন | "বেকারমুক্ত গ্রাম সৃজন" জাতীয় পর্যায়ে (প্রতি জেলার ১টি করে উপজেলায়) বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | জনাব সৈয়দ আবদুল কাইয়ুম, উপপরিচালক (চঃদাঃ) (পরিকল্পনা) জানান যে, ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে। এবিষয়ে মন্ত্রণালয় কাজ করছে। |
| ৮ | ইনোভেশন মেন্টরিং | চলতি মাসে উদ্ভাবন পাইলটিং এর সমাপনী প্রতিবেদন কোন মেন্টর সংগ্রহ না করতে পারায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। | মেন্টিগণের সাথে নিবিড় যোগাযোগ সাপেক্ষ্যে ফেব্রুয়ারি/২০১৯ মাসের মধ্যে অবশ্যই পাইলটিং শেষ করতঃ সমাপনি প্রতিবেদন সহ মেন্টরের পর্যালোচনা ও মূল্যায়ন পত্র জমা দিবেন। |
| ৯ | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | এ বিষয়ে ১টি নীতি প্রনীত হয়েছে। তৎভিত্তিতে ভবিষ্যতে প্রণোদনা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | নীতি মাফিক উদ্যোগ নিতে সদস্য সচিবকে অনুরোধ করা হয়; |
| ১০ | ইনোভেশন খাতে বরাদ্দ | সদস্য-সচিব জানান যে, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এর প্রতিটি এজেন্ডা বাস্তবায়ণের জন্য সর্বমোট ২০,২৮,৯৪৭/- (বিশ লক্ষ আটাশ হাজার নয়শত সাতচল্লিশ) টাকার বাজেট বিভাজন প্রণয়ন করা হয়েছে। | ১। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এ এজেন্ডা বাস্তবায়নের জন্য পেশকৃত বাজেট বিভাজন মোতাবেক অর্থ প্রাপ্তির লক্ষ্যে অর্থ শাখার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২। একইসাথে আগামী বছরের চাহিদা ও প্রস্তুত করতে হবে; |
| ১১ | পার্টনারশীপ ও নেটওয়ার্কিং | সদস্য-সচিব জানান যে, অত্র এজেন্ডার মূল্যায়নে নম্বর থাকায় বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা প্রয়োজন। আলোচনায় সকলে একমত হন যে, কুড়িগ্রামের জনাব বিশ্বজিৎ এবং আগ্রহী অন্যান্য সংগঠনের সাথে যোগাযোগ করা যেতে পারে। | জনাব মোঃ আতিকুর রহমান, উপপরিচালক (চঃদাঃ) (বাস্তবায়ন) কে আলোচনানুযায়ী ব্যবস্থা গ্রহনপূর্বক আগামী সভায় অগ্রগতি পেশ করবেন। |
| ১২ | ইনোভেশন সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক (আইসিটি) জানান যে, তথ্য বাতায়নে ইনোভেশন কর্নারের সকল তথ্য নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। | তথ্য বাতায়নের ইনোভেশন কর্নারে সকল তথ্য জনাব সালেহ্ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক (আইসিটি) হালনাগাদ করবেন। |
| ১৩ | ই-সেবা তৈরি ও বাস্তবায়ন | ক. জনাব ফরহাত নুর, উপপরিচালক (প্রশিক্ষণ-২) জানান যে, আগামী ফেব্রুয়ারি/১৯ মাসে সংগঠন নিবন্ধনের প্রস্তুতকৃত সফটওয়্যার ব্যবহারে পাইলটিং শুরু হবে।<br>খ. জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (দাঃ বিঃ ও ঋণ) জানান ই-সেবার আওতায় মানিকগঞ্জের অবশিষ্ট উপজেলা ও কুষ্টিয়ার অবশিষ্ট উপজেলায় যুব ঋণের ই-সেবা বিষয়ক সফটওয়্যার রেপ্লিকেশন করার জন্য কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রে ০২ ফেব্রুয়ারি/১৯ হতে প্রশিক্ষণ শুরু হবে। মানিকগঞ্জে প্রক্রিয়া হয় ৫৫জন এবং কুষ্টিয়ায় ৪৬জনকে ঋণ প্রদান করা হয়েছে। | আলোচনা মাফিক পাইলটিং এবং রেপ্লিকেশনের লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন এবং রেপ্লিকেশনের উদ্যোগ নিতে হবে। |
| ১৪ | সেবা পদ্ধতি সহজিকরণ | ক) প্রশিক্ষণের সনদপত্র প্রদান সহজিকরণের অনুরুপ প্রতি সদস্যের নুন্যতম ০১টি সেবা পদ্ধতি সহজিকরণ ও বাস্তবায়ন প্রস্তাব অত্র সভায় পেশ করার সিদ্ধান্ত ছিল। কোন সদস্য প্রস্তাব সভায় পেশ না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।<br>খ) জনাব খন্দকার মোঃ রওনাকুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, ঋণ সেবা সহজীকরণ পদ্ধতি উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে আলোচনা করে বের করতে হবে। পরবর্তীতে স্টেক হোল্ডারদের নিয়ে একটি কর্মশালার মাধ্যমে সেবা সহজ করার প্রস্তাব রাখেন। | এ লক্ষে গঠিত টিমের সদস্যগণকে A2i হতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সদস্যগণ আগামী সভার পূর্বেই পূর্ণাঙ্গ প্রস্তাব পেশ করবেন; |
| ১৫ | সোস্যাল মিডিয়ার ব্যবহার | ক) জনাব মোঃ জিয়াউর রহমান, প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) বলেন চলতি মাসে ফেসবুকে কোন অভিযোগ পাওয়া যায় নাই। সকল অনুষ্ঠানের ছবি নিয়মিত আপলোড করা হচ্ছে। | জনাব ফরহাত নুর, উপপরিচালক (চঃদাঃ) (প্রশিক্ষণ-২) ও জনাব খন্দকার মোঃ রওনাকুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ফেসবুকের জন্য তথ্য জনাব মোঃ জিয়াউর রহমান, প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) কে দিবেন। |

কর্মপরিকল্পনা অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত সদস্যগণ এজেন্ডা বাস্তবায়নে নিজ নিজ দায়িত্ব প্রতিপালনে আন্তরিক হবেন বলে সভাপতি আশাবাদ প্রকাশ করেন। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: dirpa@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬- ০৫ তারিখঃ ০৪/০২/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। জনাব------------------------------------------------ সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। সংশ্লিষ্ট নথি।

০৪/০২/২০১৯

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

পরিশিষ্ট "ক"

২৮/০১/২০১৯খ্রিঃ তারিখ বেলা ০৩.৩০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব মাসুদা আকন্দ<br>উপপরিচালক (প্রশিক্ষণ-১) | স্বাক্ষরিত |
| ২. | জনাব এ কে এম মফিজুল ইসলাম<br>উপপরিচালক (দাঃবিঃওঋণ) | স্বাক্ষরিত |
| ৩. | জনাব সৈয়দ আবদুল কাইয়ুম,<br>উপপরিচালক (চঃদাঃ) (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ৪. | জনাব মোঃ হামিদুর রহমান,<br>উপপরিচালক (চঃদাঃ) (দাঃবিঃ ও ঋণ), | স্বাক্ষরিত |
| ৫. | জনাব আতিকুর রহমান<br>উপপরিচালক(চঃদাঃ) (বাস্তবায়ন) | স্বাক্ষরিত |
| ৬. | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন<br>উপপরিচালক(চঃদাঃ) (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ৭. | জনাব ফরহাত নূর<br>উপপরিচালক(চঃদাঃ) (প্রশিক্ষণ-২) | স্বাক্ষরিত |
| ৮. | জনাব মোঃ শাহীনুর রহমান<br>সহকারী পরিচালক (দাঃবিঃওঋণ) | স্বাক্ষরিত |
| ৯. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি) | স্বাক্ষরিত |
| ১০. | খন্দকার মোঃ রওনাকুল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | স্বাক্ষরিত |
| ১১. | জনাব মোঃ জিয়াউর রহমান,<br>প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) (কো-অপ্ট সদস্য) | স্বাক্ষরিত |